# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 09-11-2025** **Time: 1.30 P.M.**

---

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) উত্তরাখন্ড রাজ্য গঠনে রজতজয়ন্তী বর্ষ উপলক্ষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাজ্যে একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন করেছেন।

২) বিহার বিধানসভার দ্বিতীয় তথা শেষপর্বের প্রচারাভিযানের আজ শেষ হচ্ছে। ভোট নেওয়া হবে ১১ তারিখ।

৩) আঙ্গোলা সফররত রাষ্ট্রপতি দ্রৌপদী মুরমু, আজ সেদেশের রাষ্ট্রপতির সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনায় বসবেন। সফরের পরবর্তী পর্বে তিনি বৎসোয়ানা যাবেন।

৪) উপরাষ্ট্রপতি বলেছেন, বর্তমান অসহিষ্ণু বিশ্বে জৈন ধর্ম সম্প্রীতি অহিংসার বার্তা বহণ করছে।

৫) ভারতীয় বিমান বাহিনী আজ ৯৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে গুয়াহাটিতে প্রথম পূর্ণাঙ্গ এয়ার শো আয়োজন করেছে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উত্তরাখণ্ডের রাজ্য গঠনের রজতজয়ন্তী উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে একটি স্মারক ডাকটিকিট প্রকাশ করেছেন । এর পর তিনি

দেরাদুনে এক জনসভায় ভাষণ দিয়েছেন ।প্রধানমন্ত্রী বলেন, উত্তরাখন্ডের পরিশ্রমী জনসাধারণ রাজ্যের উন্নয়নকে আরও এগিয়ে নিয়ে যাবেন বলে, তিনি আশাবাদী।

(বাইট)

এর আগে শ্রী মোদী ৮১৪০ কোটি টাকারও বেশি একগুচ্ছ উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন। এর মধ্যে ৯৩০ কোটি টাকার প্রকল্পের উদ্বোধন করেছেন তিনি।

প্রধানমন্ত্রী পিএম ফসল বীমা যোজনার আওতায় ২৮,০০০-এরও বেশি কৃষকের ব্যাঙ্ক অ্যাকাউন্টে ৬২ কোটি টাকার বেশি অর্থ প্রত্যক্ষ সুবিধা হস্তান্তরের মাধ্যমে পাঠিয়েছেন।

প্রধানমন্ত্রী যে প্রকল্পগুলির উদ্বোধন করলেন তার মধ্যে উল্লেখযোগ্য : অম্রুত প্রকল্পের আওতায় দেরাদুন সহ ২৩টি অঞ্চলে জল সরবরাহ, পিথরাগড় জেলায় বিদ্যুতের সাবস্টেশন, বিভিন্ন সরকারি ভবনে সৌরবিদ্যুতের ব্যবস্থাপনা, নৈনিতালে হালদোয়ানি স্টেডিয়ামে অ্যাস্ট্রোটার্ফ হকি খেলার মাঠ।

---------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ উত্তরাখণ্ডের প্রতিষ্ঠা দিবসে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সমাজ মাধ্যমের এক বার্তায় তিনি বলেন, সংস্কৃতির বৈচিত্র্য , প্রাকৃতিক সৌন্দর্য এবং আধ্যাত্মিক ঐতিহ্যের উত্তরাখণ্ড গোটা জাতির কাছে বিশেষ উল্লেখযোগ্য। তিনি রাজ্যের বিভিন্ন অবদানের প্রশংসা করেন। প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা এবং অন্যান্য মন্ত্রীরাও রাজ্যের প্রতিষ্ঠা দিবসে শুভেচ্ছা জানান।

---------------------

বিহার বিধানসভা নির্বাচনের দ্বিতীয় ও শেষ পর্যায়ের প্রচার অভিযান আজ সন্ধ্যায় শেষ হচ্ছে। এই পর্বে ১১ ই নভেম্বর ২০টি জেলার ১২২টি বিধানসভা আসনে

ভোটগ্রহণ করা হবে। ১৩৬ জন মহিলা সহ , ৩ কোটি ৭০ লক্ষের বেশি ভোটার, ১,৩০২ জন প্রার্থীর ভাগ্য নির্ধারণ করবেন। প্রচারের শেষ দিনে আজ ন্যাশনাল ডেমোক্রেটিক অ্যালায়েন্স এনডিএ, মহাজোট এবং অন্যান্য দলের শীর্ষ নেতারা রাজ্য জুড়ে একাধিক নির্বাচনী জনসভা এবং সমাবেশে যোগ দেবেন। প্রবীণ বিজেপি নেতা এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সাসারাম এবং আরওয়ালে জনসভা করবেন । প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং ঔরঙ্গাবাদ এবং কৈমুরে জনসভা করবেন। জেডি(ইউ) সভাপতি এবং মুখ্যমন্ত্রী নীতীশ কুমার ঔরাঙ্গাবাদ, গয়া এবং কৈমুরে প্রচার অভিযান চালাবেন। এদিকে, উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী বিজেপি নেতা যোগী আদিত্যনাথের আরারিয়া, সুপৌল এবং মধুবনী জেলায় একাধিক জনসভায় যোগ দেওয়ার কথা। মহাজোটের পক্ষে, কংগ্রেস নেতা রাহুল গান্ধী পূর্ণিয়া এবং কিষাণগঞ্জে জনসভা করবেন। আরজেডি নেতা তেজস্বী প্রসাদ যাদব ভাভুয়া, রোহতাস এবং ঔরঙ্গাবাদে এগারোটি জনসভার যোগ দেবেন।

জন সুরাজ পার্টির প্রতিষ্ঠাতা প্রশান্ত কিশোর আজ প্রচার পর্বের শেষ দিনে একাধিক জনসভায় অংশ নেবেন।

---------------------

আরএসএস এর সরসঙ্ঘচালক মোহন ভাগবত বলেছেন, সমাজের বিভাজন দূর করতে তারা আলাপ আলোচনা শুরু করবেন। বেঙ্গালুরুতে সংঘের শতবর্ষ যাত্রা উপলক্ষে এক বক্তৃতা সিরিজে তিনি জানান, সামাজিক সম্প্রীতির জন্য বিভাজন দূর করা জরুরি। তিনি স্মরণ করিয়ে দেন, ১৮৫৭ সালের প্রথম স্বাধীনতা সংগ্রামে হিন্দু ও মুসলিম উভয়েই একসঙ্গে ব্রিটিশ শাসনের বিরুদ্ধে লড়াই করেছিলেন। শ্রী ভাগবত বলেন, ব্রিটিশরা এই ঐক্যকে তাদের শাসনের জন্য হুমকি মনে করে সমাজে বিভাজন বাড়িয়েছিল। তিনি জানান, আরএসএস বিভাজন দূর করতে বিশেষ প্রচার কর্মসূচি শুরু করবে। সদ্ভাবনা

কর্মসূচির অংশ হিসেবে সংগঠনটি ব্লক স্তরে বিভিন্ন সম্প্রদায়ের নেতা ও ধর্মীয় গোষ্ঠীর প্রধানদের সঙ্গে যোগাযোগ করবে। তিনি নাগরিক সমাজকেও সামাজিক সম্প্রীতির জন্য নিজ নিজ সামর্থ্য অনুযায়ী অবদান রাখার আহ্বান জানান।

---------------------

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ জাতীয় আইনি পরিষেবা দিবস উদযাপিত হচ্ছে। ১৯৯৫ সালের ৯ই নভেম্বর ভারতের জাতীয় আইন পরিষেবা দিবস পালন শুরু হয়। ১৯৮৭ সালের ভারতীয় আইন পরিষেবা সম্পর্কিত Legal Services Authorities Act, 1987 প্রণয়নের স্মরণে দিনটি উদযাপিত হয়ে থাকে। সমাজের সর্বস্তরের মানুষের জন্য আইনি পরিষেবা প্রদানের লক্ষ্যে ভারতের রাজ্যগুলিতে স্থাপন করা হয়েছে লোক আদালত ও আইনি সহায়তা কেন্দ্র। সাধারণ মানুষের কাছে আইনি পরিষেবা পাওয়ার অধিকার সম্পর্কে মানুষকে সচেতন ও অবগত করার লক্ষে দিনটি উদযাপনের মূল লক্ষ্য।

---------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুরমু আজ আঙ্গোলার রাষ্ট্রপতি হোয়াও ম্যানুয়েল গনজালভেস লরেনকোর সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনায় বসবেন। রাজধানী লুয়ান্ডায় রাষ্ট্রপতি ভবনে আলোচনার সময় পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে সমঝোতাপত্র সাক্ষর হবে। আগেই জানানো হয়েছে রাষ্ট্রীয় সফরে শ্রীমতী মুরমু গতকাল আঙ্গোলায় গিয়ে পৌছান। এর পর তিনি বোতসওয়ানা সফর করবেন।

---------------------

পয়লা ডিসেম্বর থেকে সংসদের শীতকালীন অধিবেশন শুরু হবে। সংসদীয় বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু জানিয়েছেন, রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু অধিবেশন ডাকার বিষয়ে সরকারের প্রস্তাব অনুমোদন করেছেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে শ্রী রিজিজু

জানান, ১৯ শে ডিসেম্বর পর্যন্ত চলবে এই অধিবেশন। তিনি এই অধিবেশনে অর্থপূর্ণ ও গঠনমূলক আলোচনার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা আহ্বান করেছেন।

--------------------

মার্কিন যুক্তরাষ্ট্রে নিযুক্ত ভারতীয় রাষ্ট্রদূত বিনয় মোহন কোয়াত্রা ভারতের সেমী কন্ডাকটর এবং কৃত্তিম বুদ্ধিমত্তা (AI ) নিয়ে ইন্টেলের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক লিপ বুটানের সঙ্গে মত বিনিময় করেছেন। ভারত সরকার এই দুটি বিষয়ের সম্প্রসারণ নিয়ে বিশেষ উদ্যোগ নিয়েছে বলে তিনি জানান। চলতি বছরে ভারত, নয়ডা এবং বেঙ্গালুরুতে প্রথম তিন ন্যানো মিটার চিপ ডিজাইন কেন্দ্রের উদ্বোধন করেছে এবং পাঁচ টি সেমী কন্ডাকটর ইউনিট গড়ে তুলতে চলেছে। উল্লেখ্য, ইন্ডিয়া AI মিশন ২০২৪ এ, ভারত দশ হাজার তিনশো কোটি টাকারও বেশি অনুমোদন করেছে। এর মাধ্যমে সুগঠিত application development , কম্পিউটার পরিকাঠামো গড়ে তোলা হবে।

--------------------

বিদেশ মন্ত্রী ডঃ এস জয়শঙ্কর আজ ৭২ তম স্বাধীনতা দিবসে কম্বোডিয়ার জনগণ কে শুভেচ্ছা জানিয়েছেন। সমাজ মাধ্যমের এক বার্তায় ডঃ জয়শঙ্কর বলেছেন, কম্বোডিয়া সরকারের সঙ্গে ভারত বিভিন্ন দ্বিপাক্ষিক ক্ষেত্রে সার্বিক সহযোগিতার ব্যাপারে ঐক্যবদ্ধ। দুটি দেশের পারস্পরিক সভ্যতা সংযোগেও ভারতের উদ্যোগের কথা তিনি জানিয়েছেন।

--------------------

সিরিয়ার রাষ্ট্রপতি আহমেদ সারা মার্কিন যুক্তরাষ্ট্র সফর করছেন। দু-দিন আগে মার্কিন প্রশাসন তার বিরুদ্ধে সন্ত্রাসবাদের তকমা প্রত্যাহার করে। সফরকালে তিনি

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে সাক্ষাৎ করবেন। ১১ মাস আগে সারার সশস্ত্র বাহিনী সিরিয়ার বাসার আল আসাদ সরকারকে ক্ষমতাচ্যুত করে। সারা জানিয়েছেন, তাঁর মধ্যপন্থী সরকার সিরিয়ার পুনর্গঠনের জন্য আন্তর্জাতিক সহায়তা প্রত্যাশা করে।

---------------------

টাইফুন ফাঙ ওয়োঙ্গের আশঙ্কায় ফিলিপিন্সের পূর্ব ও উত্তরভাগের এক লক্ষ মানুষকে অন্যত্র সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে। অত্যধিক বৃষ্টি, ভূমিক্ষয় ও ঝোড়ো হাওয়ার দাপটের হাত থেকে প্রাণরক্ষার তাগিদে এই ব্যবস্থা। দেশের সবর্ত্রই প্রাকৃতিক বিপর্যয় সংক্রান্ত সর্বোচ্চ সতর্কবার্তা দেওয়া হয়েছে। সমুদ্র তীরবর্তী ক্যামারিন্স নোর্তে, ক্যামারিন সুর, কাতানদুয়ানেস সবচেয়ে ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা। ঝড়ের সর্বোচ্চ গতিবেগ ঘণ্টায় ২৩০ কিলোমিটার ছাড়াে‌ত পারে বলে আশঙ্কাপ্রকাশ করা হয়েছে।

---------------------

ভারতীয় বিমান বাহিনী আজ ৯৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে গুয়াহাটিতে প্রথম পূর্ণাঙ্গ এয়ার শো আয়োজন করেছে। পূর্বাঞ্চলীয় এয়ার কমান্ডের উদ্যোগে ব্রহ্মপুত্র নদীর লাহিত ঘাটের আকাশে ৭৫টিরও বেশি যুদ্ধবিমান ও হেলিকপ্টার ২৫টিরও বেশি ফরমেশনে কসরত প্রদর্শন করে। এগুলো পরিচালিত হয় গুয়াহাটি, তেজপুর, জোরহাট, চাবুয়া, হাসিমারা, বাগডোগরা ও পানাগড় বিমান ঘাঁটি থেকে।

যে সব যুদ্ধবিমান ও হেলিকপ্টার মহড়ায় অংশ নেয় তার মধ্যে রয়েছে রাফাল, সুখোই-৩০, অ্যাপাচি, মিগ-২৯, আইএল-৭৮ রিফুয়েলার, মিরাজ, জাগুয়ার, সি-১৭ গ্লোবমাস্টার, এমআই-১৭, অ্যাডভান্সড লাইট হেলিকপ্টার এমকে-১, সি-১৩০ হারকিউলিস, অ্যান্টোনভ এএন-৩২ এবং সূর্যকিরণ।

--------------------

ভারতীয় আবহাওয়া দপ্তর IMD জানিয়েছে, আগামী ৫-৬ দিনে উত্তর পশ্চিম এবং সংলগ্ন মধ্য ভারতের রাতের তাপমাত্রা ২ থেকে ৫ ডিগ্রি পর্যন্ত নামবে।সোমবার পর্যন্ত বিদর্ভ ও ছত্তিশগড়ের সর্বনিম্ন তাপমাত্রা ২ ডিগ্রি পর্যন্ত নামার পূর্বাভাষ দিয়েছে IMD।

--------------------

গোয়া FIDE World Cup দাবা প্রতিযোগিতায় ভারতের ডি গুকেশ জার্মানির গ্র্যান্ড মাস্টার ফ্রেডরিক সোয়ানের কাছে পরাস্ত হয়েছেন। অন্যদিকে, প্রজ্ঞানন্দ, হোভানিসিয়ান রবার্টকে হারিয়ে চতুর্থ রাউন্ডে প্রবেশ করেছেন।

-------------------- --------------------